# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**11 SEPTEMBER 2025** **7:45—7:55 PM**

---

) আগামী শনিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আসাম সফর চূড়ান্ত ।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণর উপস্থিতিতে আগামী শনিবার থেকে মিজোরাম দেশের রেল মানচিত্রে অর্ন্তভূক্ত ।

৩) ধুবরীতে ছাত্র সংগঠনের প্রতিবাদী র‍্যালী চলাকালে পুলিশের লাঠি চালনাকে কেন্দ্র করে সৃষ্ট অপ্রীতিকর ঘটনা দুর্ভাগ্যজনক বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য ।

এবং

৪) কাছাড় জেলায় আরো ২ জন ভূয়ো চিকিৎসক আটক ।

---

সুধাকণ্ঠ ডক্টর ভূপেন হাজারিকার জন্ম শতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে রাজ্যের বিভিন্ন স্থানের সঙ্গে দিল্লী , মুম্বাই , কলকাতা এবং অরুণাচল প্রদেশেও বর্ণাঢ্য কার্যসূচির আয়োজন করা হয় । বিশ্ববন্দিত এই শিল্পীর প্রতি সম্মান ও শ্রদ্ধা জানিয়ে আগামী শনিবার গৌহাটিতে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । অনুষ্ঠানে রাজ্যের ১ হাজারের অধিক শিল্পী ভূপেন হাজারিকার ১৪টি সঙ্গীত এবং কবিতা পরিবেশন করবেন । এই অনুষ্ঠানে ভূপেন হাজারিকার একটি স্মারক মুদ্রা এবং একটি জীবনী গ্রন্থেরও উন্মোচন করা হবে ।

প্রধানমন্ত্রী আগামী রবিবার নুমলীগড় শোধনাগারে বিশ্বের প্রথম বাঁশ ভিত্তিক জৈব ইথানল প্রকল্পের উদ্বোধন করবেন । এর আগে শ্রী মোদী মঙ্গলদৈ-এ প্রায় ৫শো ৭৬ কোটি টাকা ব্যায় সাপেক্ষে দরং চিকিৎসা মহাবিদ্যালয় এবং জি এন এম স্কুল ও একটি নার্সিং মহাবিদ্যালয়ের শিলান্যাশ করবেন । একই সঙ্গে তিনি ৭ হাজার কোটি টাকা

ব্যায় সাপেক্ষে ব্রহ্মপুত্র নদের ওপর নরেঙ্গী-কুরুয়া সংযোগ সেতু এবং গৌহাটি রিং-রোড প্রকল্পেরও শিলান্যাশ করবেন ।

-----------------------------------------------------------------------------------

এদিকে প্রধানমন্ত্রীর আসন্ন মিজোরাম সফর সূচির প্রতি লক্ষ্য রেখে মিজোরামের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করে তুলা হয়েছে । উল্লেখ্য যে প্রধানমন্ত্রী আগামী শনিবার মিজোরাম সফরে এসে ভৈরবী-সাইরাং রেল লাইনের সূচনা করবেন এবং এর মাধ্যমেই মিজোরাম দেশের রেল মানচিত্রে অর্ন্তভুক্ত হবে । সরকারী সূত্রে জানানো হয়েছে যে প্রধানমন্ত্রী ওই দিন আইজল - রাজধানী এক্সপ্রেস রেল সেবা ছাড়াও আইজল - কলকাতা এবং আইজল - গৌহাটি দুটি রেল সেবার ফ্লেগ-অফ করবেন ।

মিজোরাম পুলিশের আইন - শৃঙ্খলা বিভাগের মহানির্দেশক আকাশবাণীকে জানিয়েছেন যে প্রধানমন্ত্রীর সফর সূচির পরিপ্রেক্ষিতে সমগ্র রাজ্যের পুলিশ বাহিনীকে সতর্ক করে দেওয়া হয়েছে এবং রাজধানী আইজলের নিরাপত্তা ব্যবস্থা কঠোর করা হয়েছে । তিনি জানান যে ইতিমধ্যেই সি আর পি এফ ও বি এস এফ-এর অতিরিক্ত ২টি কোম্পানী মিজোরামের রাজধানী আইজলে মোতায়ন করা হয়েছে ।

শ্রী মোদির আগামী শনিবার সকাল ৯টায় আইজল থেকে ৩৭ কিলোমিটার দূরে লেংপুই বিমান বন্দরে পৌছানোর কথা রয়েছে । লেংপুই বিমান বন্দর থেকে প্রধানমন্ত্রীকে হেলিকপ্টার যোগে থুয়ামপুই হেলিপেডে নিয়ে যাওয়া হবে । ওই বেলা ১০টায় প্রধানমন্ত্রী আইজল লামুয়ালে আয়োজিত একটি গণ সমাবেশে ভাষণ দেবেন এবং এর পরই তিনি ভৈরবী-সাইরাং রেল লাইন এবং সাইরাং রেল ষ্টেশনের উদ্বোধন করবেন । প্রধানমন্ত্রী ওইদিন মিজোরামের ২টি শিক্ষা প্রতিষ্ঠান এবং ৬টি বিভিন্ন প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থান করবেন । এরপর শ্রী মোদী বিমানযোগে মনিপুরের উদ্দেশ্যে যাত্রা করবেন । প্রধানমন্ত্রীর সফরসূচির চূড়ান্ত প্রস্তুতি খতিয়ে দেখতে কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আগামীকাল মিজোরামে এসে পৌছবেন এবং প্রধানমন্ত্রীর সঙ্গে তিনিও আগামী শনিবার অনুষ্ঠেয় ভৈরবী-সাইরাং রেল লাইন এবং সাইরাং রেল ষ্টেশন উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ।

-----------------------------------------------------------------------------------

ডেঙ্গু ও মেলেরিয়া প্রতিরোধে রাজ্য সরকারগুলি যাতে আগাম প্রতিরোধ মূলক ব্যবস্থ্যা গ্রহণ করতে পারে সেই উদ্দেশ্যে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাডডা সমগ্র দেশের ডেঙ্গু ও মেলেরিয়ার সার্বিক পরিস্থিতির পর্যালোচনা করার উদ্দেশ্যে একটি বৈঠকে মিলিত হয়েছেন ।

বৈঠকে শ্রী নাড্ডা এই রোগ প্রতিরোধে যেসব প্রত্যাহ্বান রয়েছে সে সম্পর্কে বিশেষ গুরুত্ব আরোপ করে রাজ্যগুলিকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দেন । জনসাধারণের স্বাস্থ্যের প্রতি গুরুত্ব আরোপ করে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী বিভিন্ন রাজ্য , স্থানীয় সংস্থা এবং এই ক্ষেত্রে যুক্ত স্বেচ্ছাসেবকদের আগামী দিনগুলিতে বিশেষ করে এই রোগের উচ্চ সংবেদনশীল সময়ে জনসাধারণকে এ সম্পর্কে সচেতন করে তোলা সহ প্রতিরোধ মূলক ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ দেন ।

এই সম্পর্কে একটি নির্দেশিকা জারী করে শ্রী নাড্ডা রাজ্য সরকারগুলিকে আগামী কয়েক মাস সতর্ক থাকতে এবং ডেঙ্গু ও মেলেরিয়া প্রতিরোধে আগাম প্রয়োজনীয় সব ধরণের সতর্কতা এবং প্রতিরোধ মূলক ব্যবস্থা গ্রহণ করার আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------

ধুবরীতে গতকাল সন্ধ্যায় একটি ছাত্র সংগঠনের প্রতিবাদী র‍্যালীর সময় পুলিশের লাঠিচালনাকে কেন্দ্র করে সৃষ্টি হওয়া অপ্রীতিকর ঘটনা অত্যন্ত দুর্ভাগ্যজনক বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা মন্তব্য করেছেন । ইতিমধ্যে দায়িত্ব প্রাপ্ত পুলিশ আধিকারিককে নিলম্বিত করা হয়েছে বলে মূখ্যমন্ত্রী জানান ।

-------বাইট----

উল্লেখ্য মূখ্যমন্ত্রীর নির্দেশে মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া গতরাতে ধুবরীতে উপস্থিত থেকে গোলকগঞ্জ থানার ভারপ্রাপ্ত আধিকারিককে তাৎক্ষণিকভাবে নিলম্বিত করেন । এছাড়া গৌরীপুর থানার ভারপ্রাপ্ত পুলিশ আধিকারিককেও রিজার্ভ ক্লোজ করার নির্দেশ দেওয়া হয়েছে বলে মূখ্যমন্ত্রী জানান ।

উল্লেখ্য কোচ রাজবংশী জনগোষ্ঠীকে জনজাতিকরণ এবং পৃথক কামতাপুর রাজ্যের দাবীতে আক্রাসুর কেন্দ্রীয় কমিটির নেতৃত্বে ধুবরী জেলা আক্রাসুর উদ্যোগে গোলকগঞ্জে গতকাল একটি র‍্যালী বের করা হয় । প্রশাসন পুলিশ ও আধাসামরিক বাহিনী মোতায়েন করার পরও কোচ রাজবংশী জনগোষ্ঠীর র‍্যালীতে অংশগ্রহণকারীরা একজোট হয়ে জনজাতিকরণের দাবীতে পরিস্থিতি উত্তাল করে তোলে । পুলিশ ও আধাসামরিক বাহিনী প্রতিবাদকারীদের ছত্রভঙ্গ করতে লাঠিচালনা করলে ৫০ জনেরও বেশী আহত হয় । এরমধ্যে সংকটজনক অবস্থায় বেশকয়েকজনকে প্রাথমিক চিকিৎসার পর ধুবরী মেডিকেল কলেজে প্রেরণ করা হয় । পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ধুবরী জেলায় সান্ধ্য আইন জারী করা হয়েছে । পরিস্থিতির খোঁজ নিয়ে মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া গতকাল ধুবরী জেলার পুলিশ সুপারকে ৫ দিনের মধ্যে উপ-মহাপরিদর্শকের কাছে প্রতিবেদন দাখিল করার নির্দেশ দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ ভুয়ো চিকিৎসা পরিষেবা প্রদান করা  নিহার হোসেন মাঝারভুইয়া এবং রাধেশ্যাম রবিদাস নামের আরো দুজন ব্যাক্তিকে আজ আটক করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে বড়খলার বাসিন্দা নিহার হোসেন মাঝারভুইয়া দীর্ঘ দিন থেকে বড়খলা বাজারে  এবং দ্বিতীয় অভিযুক্ত জিরিঘাট বাজারের বাসিন্দা রাধেশ্যাম রবিদাস  জিরিঘাট বাগান ও বাজার এলাকায় নিজের নামের আগে ডক্টর লিখে রোগীদের সঙ্গে প্রতারনা করে আসছিল । পুলিশ এই দুই ব্যাক্তির বিরুদ্ধে থানায় মামলা দায়ের করেছে । উল্লেখ্য এপর্যন্ত কাছাড় জেলার বিভিন্ন প্রান্ত থেকে মোট ৮জন ভুয়ো চিকিৎসককে আটক করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

আজ জাতীয় বন শহীদ দিবস । দেশের বনভূমি , পরিবেশ ও বন্যপ্রাণী সুরক্ষায় জীবন উৎসর্গ করা  সবুজ যোদ্ধাদের প্রতি সম্মান জানিয়ে প্রতি বছর ১১ সেপ্টেম্বর এই দিবস পালন করা হয় । বন শহীদ দিবস উপলক্ষ্যে কাজিরাঙ্গা জাতীয় উদ্যানে কর্তব্যরত অবস্থায় মৃত বনকর্মীদের স্মরণে আজ বিশেষ কার্যসূচী গ্রহণ করা হয় । বনাঞ্চলের সুরক্ষার স্বার্থে প্রাণ আহুতি দেওয়া ৫৯ জন বন শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয় ।

---------------------------------------------------------------------------------------------------

সুধাকণ্ঠ ডক্টর ভূপেন হাজারিকার জন্ম শতবর্ষ উদযাপনের রাজ্যস্তরের আগামী ১৩ই সেপ্টেম্বরের গুয়াহাটী খানাপাড়ার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত অনুষ্ঠানে যোগ দিতে হাইলাকান্দি শিল্পী দল আজ গুয়াহাটীর উদ্দেশ্যে যাত্রা করেছে । হাইলাকান্দি জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২৯ জন শিল্পী আজ যাত্রা করেছেন । জেলার অতিরিক্ত আয়ুক্ত দীপমালা গোয়ালা যাত্রার ফ্লেগ অফ করেন ।

---------------------------------------------------------------------------------------------------

শিলচর রাধামাধব কলেজের বিপিন চন্দ্র মেমোরিয়াল লাইব্রেরির দেওয়াল পত্রিকা লাইব্রেরি ভোগ-এর দ্বিতীয় সংখ্যা আজ প্রকাশিত হয়েছে । কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষা ডক্টর অরুন্ধতী দত্ত চৌধুরী দেওয়াল পত্রিকার উন্মোচন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে অধ্যক্ষ ডক্টর দত্ত চৌধুরী বলেন যে দেওয়াল পত্রিকাটি তথ্য বিজ্ঞানের ছাত্র-ছাত্রীদের দ্বারা প্রস্তুত করা হয়েছে এবং ছাত্র-ছাত্রীদের শৈল্পিক সৃজনশীলতা এই পত্রিকায় প্রতিফলিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------------

বদরপুর নবীন চন্দ্র কলেজে বিশেষভাবে সক্ষম ছাত্র-ছাত্রীদের সুবিধার জন্য আজ লিফট পরিষেবা শুরু হয়েছে । কলেজের স্নাতক পঞ্চম সেমি-ষ্টারের বিশেষভাবে সক্ষম ছাত্র কিষান বড়ুয়া ফিতা কেটে লিফট পরিষেবার উদ্বোধন করেছে । পরে কলেজ প্রেক্ষাগৃহে আয়োজিত সভায় অধ্যক্ষ ডক্টর মর্তুজা হোসেন বলেন , কলেজে বর্তমানে ১৭ জন বিশেষভাবে সক্ষম ছাত্র-ছাত্রী রয়েছে যারা এখন থেকে সহজে ওপরতলায় থাকা ক্লাসগুলিতে অংশ নিতে পারবে । সেই সঙ্গে শারিরীক অসুস্থতা থাকা প্রবীণ শিক্ষকদেরও ওপরতলার ক্লাসরুমগুলিতে আসা যাওয়া করতে সুবিধে হবে । আজকের অনুষ্ঠানে কলেজের উপাধ্যক্ষ দেবোজ্যোতি দাশগুপ্ত সহ শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীর উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং শিলচর গুরুচরন বিশ্ববিদ্যালয়ের এন এস এস সেলের ব্যবস্থাপনায় আগামী ১৫ই সেপ্টেম্বর শিলচর ইটখলার বীর টিকেন্দ্রজিৎ এম ই স্কুলে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্টিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------